দৈনিক ইত্তেফাক

তারিখ 01 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# বুয়েটের পদত্যাগকারী ১৫ জন শিক্ষককে বরখাস্ত করার দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় স্থাপত্য বিভাগের পদত্যাগপত্র দাখিলকারী ১৫ জন শিক্ষককে অবিলম্বে

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## বুয়েটের পদত্যাগকারী

(প্রথম পৃঃ পর)

বুয়েট হইতে বরখাস্ত করার দাবী জানান হইয়াছে। সভায় বলা হয়, ঐ ১৫ জন শিক্ষক বিভিন্ন সময়ে সিন্ডিকেটের নির্দেশ ও একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অমান্য, একাডেমিক কাউন্সিল ও বুয়েটের শিক্ষকদের বিরুদ্ধে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে মিথ্যা ও বিকৃত তথ্য প্রচার এবং বুয়েটের বিরুদ্ধে অন্যায়ভাবে বহিরাগতদের ব্যবহার করিয়াছেন। গত সোমবার বুয়েট শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোঃ আবদুর রাজ্জাক আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, বুয়েটের অধীনে স্থাপত্য ইনস্টিটিউট স্থাপনের যে কোন প্রচেষ্টাকে প্রতিহত করা হইবে। তবে নূতন স্বয়ংসম্পূর্ণ ইনস্টিটিউট খোলার ব্যাপারে শিক্ষক সমিতির কোন আপত্তি নাই। সভায় বুয়েটের একাডেমিক বিষয়ে বহিরাগত হস্তক্ষেপকারী তথা স্থপতি মাজহারুল ইসলাম, স্থপতি রবিউল হুসাইন, স্থপতি ইকবাল প্রমুখকে বুয়েট ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করার জন্য বুয়েট কর্তৃপক্ষের নিকট দাবী জানান হয়।